

💵 সহজ ফিকহ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যয়: ইবাদাত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

৭. কুরবানী ও আক্বীকা

কুরবানী ও আইয়্যামে তাশরীকের (১১, ১২ ও ১৩ যিলহজ) দিনে কুরবানীর নিয়াতে উট, গরু ও ছাগল যবাই করা। এটি সুন্নাত।

কুরবানী যবেহ করার সময়:

ঈদুল আযহার দিনে ঈদের সালাতের পর থেকে আইয়্যামুত তাশরীক তথা ১১, ১২ ও ১৩ই যিলহজ পর্যন্ত কুরবানীর সময়।

- কুরবানীর গোশত তিনভাগ করে বিতরণ করা সুন্নাত। তিনভাগের একভাগ নিজে খাবে, একভাগ আত্মীয়য়জনকে হাদিয়া দিবে এবং একভাগ দান করবে।
- কুরবানী করা অনেক ফ্যীলতপূর্ণ। কেননা এতে নিজের পরিবার পরিজনের জন্য প্রশস্ততা, গরিব মিসকিনের উপকারিতা ও তাদের অভাব পূরণ হয়।
- কুরবানী ও হাদী উটের দ্বারা করলে কমপক্ষে পাঁচ বছর, গরুর দুই বছর বছর, ভেড়ার ছয়় মাস ও
 ছাগলের এক বছর বয়স হতে হবে।
- একটি ছাগল দ্বারা একজন কুরবানী দিতে পারবে। আর উট ও গরু দ্বারা সাতজন কুরবানী দিতে পারবে। তাছাড়া একটি ছাগল বা উট বা গরু দিয়ে নিজের ও পরিবারের পক্ষ থেকে কুরবানী দেওয়া জায়েয়। তবে কুরবানীর পশু দোষক্রটি মুক্ত হতে হবে।

আক্বীকা

ভূমিষ্ঠ শিশুর পক্ষ থেকে যে পশু যবাই করা হয় তাই আকীকা। আকীকা করা সুন্নাত। পুত্র সন্তানের জন্য দু'টি ছাগল এবং কন্যা সন্তানের জন্য একটি ছাগল যবাই করতে হয়। জন্মের সপ্তম দিনে আকীকা করে নাম রাখতে হয় এবং মাথার চুল মুগুনো ও চুলের সমপরিমাণ রৌপ্য দান করতে হয়। সপ্তম দিনে আকীকা করতে না পারলে জন্মের চৌদ্দতম দিনে আর সেদিনও না পারলে একুশতম দিনে আকীকা করবে। এদিনেও না করলে পরবর্তীতে যখন সম্ভব হয় তখন করে নিবে। আকীকার পশুর হাড় না ভাঙ্গা সুন্নাত। আকীকা মূলত নতুন সন্তান লাভ ও আগত সন্তান লাভে আল্লাহর নি'আমতের শুকরিয়া আদায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9635

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন